

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৮৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যিনি নিজ দেশে মারা গিয়েছিলেন আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় তার জানাযার সালাত
আদায় করেছিলেন, তার নামের বর্ণনা

ذِكْرُ وَصنْفِ اسْم هَذَا الْمُتَوَفَّى الَّذِي صلَّى عَلَيْهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَدِينَةِ وَهُوَ في بلده

আরবী

3089 _ أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى السَّاجِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ الثَّوْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى عَلَى النَّامِ وَكبر عليه أَربعاً.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 9808 ا خلاصة حكم المحدث: صحيح: ((الأحكام)) (ص 116). قال أبو حاتم: العلة في صلاة المصطفى صلى الله عليه وَسَلَّمَ عَلَى النَّجَاشِيّ وَهُوَ قال أبو حاتم: العلة في صلاة المصطفى صلى الله عليه وَسَلَّمَ عَلَى النَّجَاشِيّ وَهُوَ بِأَرْضِهُ: أَنَّ النَّجَاشِيَّ أَرْضُهُ بِحِذَاءِ الْقِبْلَةِ وَذَاكَ أَنَّ بَلَدَ الْحَبَشَةِ إِذَا قَامَ الْإِنْسَانُ بِالْمَدِينَةِ كَانَ وَرَاءَ الْكَعْبَةِ وَالْكَعْبَةُ بَيْنَهُ وَيَيْنَ بِلَادِ الْحَبَشَةِ فَإِذَا مَاتَ الْمَيِّتُ ودُفِنَ ثُمَّ عَلِمَ الْمَرْءُ فِي بَلَد آخَرَ بِمَوْتِهِ وَكَانَ بَلَدُ الْمَدْفُونِ بَيْنَ بَلَدهِ وَالْكَعْبَةِ وَرَاءَ الْكَعْبَةِ جَازَ لَهُ الصَّلَاةُ فِي بَلَد قَرَاءَ الْكَعْبَةِ وَرَاءَ الْكَعْبَةِ وَكَانَ بَلَدُ الْمَيِّتِ عَلَيْهِ الصَّلَاةَ فِي بَلَدِهِ وَكَانَ بَلَدُ الْمُيِّتِ وَرَاءَهُ فُمَسْتَحِيلٌ حِينَئِذِ الصَّلَاةُ عَلَيْهِ.

বাংলা

৩০৮৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাদশা নাজশীর জানাযার সালাত চার তাকবীরে আদায় করেছিলেন।"[1]



আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "বাদশা নাজশী নিজ ভূমিতে মৃত্যুবরণ করার পরেও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায় করার কারণ হলো বাদশা নাজাশীর ভূমি কিবলার বরাবর ছিল। কারণ হলো মদীনায় কোন ব্যক্তি দাঁড়াবে, তখন ইথিওপিয়া কাবার পিছনে থাকে। কাবো তার ও ইথিওপিয়ার মাঝে থাকে। কাজেই যখন কোন ব্যক্তি মারা যাবে এবং দাফন করা হবে। তারপর অন্য দেশে কোন ব্যক্তি তার মৃত্যুর খবর জানতে পারে, আর দাফনকৃত ব্যক্তির দেশ উক্ত ব্যক্তির দেশ ও কাবোর মাঝে বা কাবার পিছনে হয়, তবে তার জন্য ঐ মৃত ব্যক্তির জানাযার সালাত আদায় করা জায়েয়।

পক্ষান্তরে কোন ব্যক্তি যদি নিজ দেশে মারা যায়, অতঃপর তাকে দাফন করা হয়। এমতবস্থায় যদি কোন ব্যক্তি উক্ত মৃত ব্যক্তির জানাযার সালাত আদায় করতে চায়, আর মৃত ব্যক্তির দেশ তার পিছনে থাকে, তবে তখন তার জন্য ঐ মৃত ব্যক্তির জানাযার সালাত আদায় করা অসম্ভব হবে।"

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/২২৬; মুসনাদ আহমাদ: ২/৪৩৮; সহীহুল বুখারী: ১৩৪৫; সহীহু মুসলিম: ৯৫১; আবূ দাউদ: ৩২০৪; নাসাঈ: ৪/৭২; বাগাবী: ১৪৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন